



শুক্রবার পবিত্র ঈদুল ফিতর পালন করবে সৌদি আরব



সংগৃহীত ছবি

সৌদি আরব জানিয়েছে, ২০২৬ সালের পবিত্র ঈদুল ফিতর পালিত হবে শুক্রবার, ২০ মার্চ। বুধবার শাওয়াল মাসের চাঁদ দেখা না যাওয়ায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দেশটির চাঁদ দেখা কমিটি সন্ধ্যায় বৈঠকে বসে বিভিন্ন স্থান থেকে পাওয়া তথ্য যাচাই করে নিশ্চিত করে যে আকাশে চাঁদের দেখা মেলেনি। ফলে রমজান মাস ৩০ দিন পূর্ণ হবে এবং পরদিনই উদযাপিত হবে ঈদুল ফিতর।

ইসলামী শরিয়াহ অনুসারে নতুন মাস শুরু চাঁদ দেখার ওপর নির্ভরশীল। সেই বিধান মেনেই এ ঘোষণা দেওয়া হয়েছে।

LENS ASIA